

## আন্তঃ ক্যান্টন পাবলিক স্কুল বিতর্ক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ

আন্তঃ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ বিতর্ক প্রতিযোগিতা শেষ হয়েছে। রবিবার শহীদ লে. আনোয়ার গার্লস কলেজ অডিটরিয়ামে সাত দিনব্যাপী আয়োজিত এই প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা সেনানিবাসের লজিস্টিকস এরিয়া কমান্ডার মেজর জেনারেল মোহাম্মদ মোশফেখুর রহমান। সংসদীয় পদ্ধতিতে অনুষ্ঠিত গ্র্যান্ড ফাইনাল বিতর্ক প্রতিযোগিতা দুটি স্পীকার হিসেবে পরিচালনা করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শহীদ আনোয়ার গার্লস কলেজের পরিচালনা পর্ষদের সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ তারেক হোসেন ও অধ্যক্ষ কর্নেল মোহাম্মদ মোজাহিদুল ইসলাম। ‘নৈতিকতার অবক্ষয় রোধে শিক্ষক ও অভিভাবকদের ভূমিকাই মুখ্য’ শীর্ষক বিষয়ে স্কুল বিভাগের প্রতিযোগিতায় বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয় আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল। অন্যদিকে ‘আর্থিক সমৃদ্ধি নয় বরং নৈতিকতাই সমাজকে দুর্নীতি মুক্ত করতে পারে’ শীর্ষক বিষয়ে কলেজ পর্যায়ে প্রতিযোগিতায় মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এ্যান্ড কলেজকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয় মোমেনশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ। প্রধান অতিথির বক্তব্যে মেজর জেনারেল মোঃ মোশফেখুর রহমান বলেন, ভঙ্গুর মানসিকতা দূর করে আমাদের শিক্ষার্থীরা এগিয়ে চলছে। এরাই একদিন জাতীয় সংসদে প্রতিনিধিত্ব করবে।-বিজ্ঞপ্তি

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নুর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com